দৈনিক জনকণ্ঠ

JAN. 22 2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা 6 কলাম 7

08

# কলকাতা বাংলাদেশের বইয়ের জন্য উন্মুখ ॥ বইমেলা শুরু হচ্ছে ২৫ জানুয়ারি

অমিত বসু, কলকাতা থেকে

কলকাতায় ফোর্ট উইলিয়ামের উল্টো দিকে এখন সাজ সাজ রব। চলছে কলকাতা বইমেলার ব্যাপক প্রস্তুতি। ২৫ জানুয়ারি এই বইমেলা শুরু হবে। এবারের থিম কান্ট্রি ব্রাজিল। তাই এবারের মেলায় থাকবে ব্রাজিলের প্রাধান্য।

প্রতিবারের মতো বাংলাদেশও অংশ নেবে। মেলায় বাংলাদেশের জন্য বরাদ্দ হয়েছে সাড়ে ৫ হাজার বর্গফুট এলাকা। তার মধ্যে তিন হাজার বর্গফুটে তৈরি হবে বাংলাদেশ প্যাভিলিয়ন, বাকি আড়াই হাজার বর্গফুটে বাংলাদেশের প্রকাশকরা স্টল সাজাবেন। ২৫টি প্রকাশন সংস্থা আসার কথা। বালাদেশের বইয়ের জন্য উন্মুখ কলকাতা।

গতবার যেখানে ভারতীয় প্যাভিলিয়ন হয়েছিল, এবার সেখানেই হবে বাংলাদেশ প্যাভিলিয়ন। সেই প্যাভিলিয়ন গড়ার কাজ চলছে পুরোদমে।

বইমেলা উপলক্ষে পেইন্টিং ওয়ার্কশপে বাংলাদেশের ৫ চিত্রশিল্পী অংশ নেবেন। পশ্চিমবঙ্গের শিল্পীরাও এই ওয়ার্কশপে অংশ নেবেন। ঢাকায় চারুকলা ইনস্টিটিউটে শিল্পী নির্বাচন করে পাঁচ শিল্পীকে পাঠানোর জন্য চিঠি দেয়া হয়েছে বলে কলকাতাস্থ বাংলাদেশের ডেপুটি হাইকমিশন অফিস জানিয়েছে। মেলায় মোট স্টল হবে ৫১৪টি। বিদেশী স্টলের মধ্যে ব্রাজিলের প্রাধান্য বেশি। তবে শুধু ব্রাজিল নয়, লাতিন আমেরিকার অন্য দেশগুলোও কলকাতা বইমেলায় আসতে আগ্রহী। এই সুযোগে কলকাতায় ব্রাজিল ও আর্জেন্টিনার ফুটবল ম্যাচ করার কথা উঠেছিল। কিন্তু সেই প্রস্তাব মাঠে মারা গেল। অনেকের আপত্তি ছিল, বই পড়ার সঙ্গে আবার বল খেলা কেন?

এ উপলক্ষে ব্রাজিলের মনীষীরা আসছেন। এবার অশোক কুমার স্মারক বক্তৃতা দেবেন ব্রাজিলের বিশিষ্ট শিক্ষাবিদ ও বুদ্ধিজীবী ডঃ ক্যানডিডো মেন্ডেস ডি আলমিডা। তিনি ব্রাজিল কংগ্রেসের সদস্য ছিলেন। ব্রাজিলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করে তিনি খ্যাতিও অর্জন করেছেন। ব্রিটিশ কবি বেনজামিন জোনিয়া আসছেন কবিতা পড়তে। ৪ ফেব্রুয়ারি ইউবিআই অডিটোরিয়ামে তিনি স্বরচিত কবিতা পাঠ করবেন।